শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

		7		6		3		1
					3	6		
	5			7	1		8	2
		9			6			8
5		1				9		6
7			3			2		
9	4		6	1			2	
		5	2					
1		2		4		8		

গতকালের সমাধান

6	9	3	4	8	7	1	5	2
2	4	8	9	5	1	3	6	7
5	1	7	3	6	2	9	8	4
4	8	1	7	3	6	2	9	5
7	6	2	5	1	9	4	3	8
3	5	9	8	2	4	7	1	6
1	7	4	6	9	5	8	2	3
9	3	6	2	7	8	5	4	1
8	2	5	1	4	3	6	7	9

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।০৬, **সূর্যাস্ত:** ঘ ৬।১০ **জোয়ার:** দুপুর ১২.৩৩৪। **ভাটা:** সন্ধ্যা ৭.৩৮।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR/1 USD	:	64.3185
INR/1 Euro	:	74.8796
INR/100 Jap. YEN	:	57.5300
INR/1 Pound Sterling	:	83.5369

শেয়ারসূচক

BSE 32,028.89▲ (+124.49)
NIFTY 9915.25▲ (+41.95)

প্রাথমিকের প্রধান শিক্ষকের বিরুদ্ধে মানসিক অত্যাচারের অভিযোগ শিক্ষিকার

নিজস্ব সংবাদদাতা, এগরা: পূর্ব মেদিনীপুর জেলার এগরা-২ ব্লকের উত্তর তাজপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোকনন্দের বিরুদ্ধে মানসিক অত্যাচারের অভিযোগ আনলেন সেই বিদ্যালয়ের সহ শিক্ষিকা প্রিয়াঙ্কা মান্না। এই শিক্ষিকার অভিযোগ, গত ফেব্রুয়ারি মাসে বিদ্যালয়ে যোগদানের পর থেকেই ঠাঁকে নানাভাবে মানসিক অত্যাচার চালাচ্ছেন প্রধান শিক্ষক অশোক নন্দ। এই বিষয়ে স্থানীয় এগরা দক্ষিণ চক্রের তৃণমূল পরিচালিত প্রাথমিক শিক্ষক সংগঠনের কাছে অভিযোগ জানিয়েছেন প্রিয়াঙ্কা দেবী। তিনি জানিয়েছেন, মানসিক অত্যাচার থেকে বাঁচতে তিনি সংগঠনের দ্বারস্থ হয়েছেন। যদিও তার বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ মিথ্যা বলে দাবি করেছেন উত্তর তাজপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোক নন্দ। তৃণমূলের এগরা দক্ষিণ চক্রের প্রাথমিক শিক্ষক সংগঠনের তরফে অভিযোগ প্রাপ্তির কথা স্বীকার করা হয়েছে।

তারা জানিয়েছেন, এই বিষয়ে অভিযুক্ত প্রধান শিক্ষক অশোক নন্দকে তারা সতর্ক করেছেন।

১০ আগস্ট সরকারি কর্মচারী সমিতির সমাবেশ

কলকাতা, ৩০ জুলাই : সাতদফা দাবি সনদের ভিত্তিতে আগামী ১০ আগষ্ট পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী সমিতির ডাকে রাজ্যের তিন জায়গায় কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠিত হতে চলেছে। শিলিগুড়ি, বাঁকুড়া এবং কলকাতায় ওই একদিনে এই কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠিত হবে বলে সংগঠনের কেন্দ্রীয় কমিটির তরফে জানানো হয়েছে।

গাইঘাটায় দুঃসাহসিক ডাকাতি

নিজস্ব সংবাদদাতা, গাইঘাটা : উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানার রামনগর বেড়ি এলাকায় এক সেনাকর্মীর বাড়িতে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটল শনিবার গভীর রাতে। স্থানীয় সূত্রে জানা যায়, গৃহকর্তা তপনবিশ্বাসের ছেলে মিঠুন বিশ্বাস একজন সেনাকর্মী। বর্তমানে তিনি পাঞ্জাবে কর্মরত। গৃহকর্তা তপন বিশ্বাসও একজন প্রাক্তন সেনাকর্মী। তিনি জানান, শনিবার রাত আনুমানিক তিনটে নাগাদ তাঁর বাড়িতে সশস্ত্র ডাকাতদল হানা দেয়। বাড়িতে ঢুকে আগ্নেয়াস্ত্রের মুখে তারা ঘরে ঢোকে। এরপর থেকে সোনার গহনা, রূপোর গহনা ও নগদ টাকা পয়সা মিলিয়ে প্রায় দেড় লক্ষ টাকার সামগ্রী নিয়ে যায়।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) আজ সোমবার আলোচনায়: স্বামীজীর পত্রাবলী। পাঠক: ড: দিলীপ নাহা। সময় : ৭-১৫

ভাগ্যলিপি

মেষ

আপনার পক্ষে যাবে আজকের দিনটি। সুখের সঙ্গে সামনের দিকে এগোতে পাড়বেন।

বৃষ

আর্থিক ক্ষেত্রে সামঞ্জোস্য করুন। ভবিষ্যতের কথা মাথায় সামনের দিকে এগোলে লাভবান হবেন।

মিথুন

মানসিকভাবে আজ সুস্থ থাকার চেষ্টা করুন। সমস্ত প্রতিযোগীতায় অংশগ্রহণ

ককট

ব্যবসায়িক ক্ষেত্রে আজ এগিয়ে চলার দিন। লাভবান হবার সম্ভাবনা রয়েছে। সমস্ত কাজ দ্রুত শেষ করার উদ্যোগ গ্রহণ করুন।

সিংহ

সৃজনশীল কাজে নিজেকে নিয়োজিত রাখার চেষ্টা করুন। তাহলে সফল হতে পারবেন। দায়িত্ব বৃদ্ধি পাবে।

কন্যা

আপনার সমস্ত প্রচেষ্টা আজ ব্যর্থ হবে। সেই কারণে দেখে শুনে সামনের দিকে এগোনই ভাল দীর্ঘ মেয়াদী পরিকল্পনা সফল

তুলা

গণেশ বলছেন, যে সমস্যা আসুক না কেন তাকে কাটিয়ে ওঠার চেষ্টা করুন সফল হবেন।

বৃশ্চিক

আপনার মূল্যবান অর্থ আজ জলে যাওয়ার সম্ভবনা রয়েছে। এই অর্থ যাতে সুরক্ষিত থাকে তার চেষ্টা করুন

ধনু

আজকের বেশীভাগ সময় ব্যয় হবে বিনোদন মূলক কাজে।

মকর

একটা ভালোদিন অপেক্ষা করছে আপনার কাছে। গণেশের বক্তব্য হল পরিবর্তন আসতে চলেছে যা আপনাকে সাহায্য করবে।

কুম্ভ

একটা সোনালি দিন অপেক্ষা করছে আপনার জন্য। এখনই কাজে নেমে পড়ুন।

মীন

পেশা গত ক্ষেত্রে কর্মীদের কাছে আজকের দিনটা মোটেই শুভ নয়।

শঙ্করমঠের সঙ্গে স্থানীয় ক্লাবের মনোমালিন্যে বিপন্ন রামরাজাতলা যুবকবৃন্দের দুর্গাপুজোর ঐতিহ্য

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : প্রুক্ষা পটে ১৯৯০ সাল বিংশ শতাব্দী। দক্ষিণ পূর্ব রেলের হাওড়া খড়গপুর শাখার রামরাজাতলা স্টেশনে দুর্গাপুজার দিনগুলিতে ছিল জনজোয়ার পরি পূর্ণ। রামরাজাতলার ১ নম্বর গেট তখন জন সমুদ্র। এনসিসি বাহিনী ও পুলিশকেরীতিমত হিমশিম খেতে হত জনসমাগমরুখতে। সৌজন্যে রামরাজাতলা যুবকবৃন্দের পরিচালিত দুর্গাপুজো।

চিত্রটা শুধু ১৯০সালেরনয়। ১৯৫৯ সালে এই দুর্গা পুজোর দিনগুলিতে রামরাজাতলা স্টেশন চত্বর। রামচরণ শেঠ রোডে ছিল এই রকম জনসমাগমের চিত্র, পাড়ার ছোট্ট মেয়ে অর্পিতা, সহিষ্ণুতার তখন পুজোর ১৫দিন আগে থেকে জানালার ফাঁক দিয়ে উঁকি মারত কটা নাগর দোলার পাম্প এল, কতগুলো স্টল বসল। হাওড়ার সেরা তিন পুজোর মধ্যে রামরাজাতলা যুবক বৃন্দের পুজো (শঙ্কর মঠ) মানুষের হৃদয় জায়গা করে নিয়ে ছিল। কিন্তু ২০০২ সালের পর থেকে শঙ্কর মঠের দুর্গাপুজো সেই ঐতিহ্য ক্রমশ বিপন্ন এখন তার অস্ত ঃকরে প্যান্ডেলও হয় না। পেছনের মাঠে অত বড় করে মেলা ও হয় না। একরাশ হতাশ নিয়ে পুজোর সময় মানুষ মুখ ফিরিয়েছে এই পুজো দর্শন থেকে। স্থানীয় ক্লাব ও বাসিন্দাদের

সবুজ পরিবেশকে রক্ষার তাগিদে হাওড়া পুরসভার মহানাগরিককে স্মারকলিপি জমা দিচ্ছেন মহিলারা।

অভিযোগ ২০০১ সালে শঙ্কর মঠের মঠাধীশ ও সংরক্ষক মণ্ডলী পুজো কমিটির ওপর নানা বিধি নিষেধ ও শর্ত চাপিয়ে দেওয়ার জন্য রামরাজাতলার যুবকবৃন্দের দুর্গাপুজার এই পরিণতি।

স্থানীয় বাসিন্দা তথা পুজো উদ্যোক্তাদের মধ্যে অন্যতম সঞ্চিতা মুখার্জী জানান, স্থানীয় নন্দী ও পাড়াও মুখার্জী পাড়ার মহিলারা ও যুবকেরা শারদীয়ায় রামরাজাতলা যুবকবৃন্দের সেই ঐতিহ্যকে ফিরিয়ে আনার জন্য জনমত গড়ছেন। তিনি বলেন, ১৯১৩ সালে শঙ্করমঠ স্থাপিত হয়েছিল ১৯১৯ সালে এর রেজিস্টেশন হয়। ২০০২ সালে স্বামী প্রস্থানানন্দ সরস্বতী শঙ্কর মঠের মধ্যাধীশ হবার পরই তিনি বিভিন্নবিধিনিষেধআরোপকরেন। তিনি বলেন প্যান্ডেল ছোট করতে হবে। মেলা বসানো যাবে না। বসালেও তারপ্রায় ৭০ শতাংশটাকা মঠকর্তৃপক্ষকে দিতে হবে। মেলায় কোনও আমিষ জাতীয় খাবার চলবে না। মেলায় ডাল হাঙ্গামা বা পয়সা দিয়ে কোনও খেলা চলবে না। এই বিষয়গুলিকে নিয়ে থানা পুলিশও হয়।

পাশাপাশি মঠ কর্তৃপক্ষ শঙ্কর মঠের চার দিকে জোট বসিয়ে দিচ্ছেন। দু'জায়গায় ইতিমধ্যেই জোট বসে গেছে। আমাদের বক্তব্য বাড়ির কারও কোনও বিপদ হলে অ্যাম্বুলেন্স ঢুকবে কিকরে? তা ছাড়াও এখানে একটি পোস্ট অফিস ও হোমিও প্যাথি কেন্দ্র আছে। সেখানে মানুষ ওই রকম টাইম বেঁধে দেওয়া গেট বন্ধ ও গেট খোলা নির্দেশ কি করে মানবে। বর্তমানে সংবাদমাধ্যমের প্রতিনিধি অর্পিতা দেবীও পুজো উদ্যোক্তাদের মধ্যে অন্যতম। তাঁর বক্তব্য, তিনি রাত্রি তাদের ১১টা সাড়ে ১১টার সময় ঘরে ফেরেন। গেট বন্ধ থাকলে তাদের অসুবিধা হবে। পাশপাশি তিনি আরও বলেন, রামরাজাতলা যুবকবৃন্দের দুর্গাপুজো তার পুরনোঐতিহ্য ফিরিয়ে আনার জন্য তাঁরা সোস্যাল মিডিয়ায় সেভ শঙ্কর মঠ, সেভ এনভায়রামেন্ট' নামে একটি গ্রুপ খুলেছেন। তাঁরা এই দুর্গাপুজোকে আবার পুরনো ঐতিহ্য পুরনরুদ্ধার করার জন্য অন্দোলন ও জনমত গড়ে তুলেছেন। অর্পিতাদেবীর কথায় সবুজকে ফিরিয়ে আনার, ঐতিহ্যকে ফিরিয়ে আনার তাগিদ এটি। আন্দোলন নয়। অপর এক উদ্যোক্তা সুমিতা দে জানান, শঙ্করমঠের মঠাধ্যক্ষ ও সংরক্ষণ কমিটির নিষেধ নানা শর্তের জন্যই পুজো ছোট হয়ে গেছে।

পাশাপাশি মঠ এখানে গোশালা করে পরিবেশ দূষণ করছে।

অবশ্য মঠ কর্তৃপক্ষ স্থানীয় ক্লাব ও বাসিন্দাদের এই অভিযোগ সম্পূর্ণ উড়িয়ে দেয়। মঠ সংরক্ষণ কমিটির এক সেবক জানান, সামনের মঠ ও জায়গা পেছনের মাঠসবই শঙ্কর মঠের। সেচ্ছে হলেও এসোখানে মদ, গাঁজা, জুয়ার আড্ডা বসত।

সন্ধ্যে হলেই এখানে যুবক-যুবতীরা ঢুকে অশ্লীল আচরণ করে। কিছুদিন আগেই এই মাঠে একজনের দেহ পাওয়া গিয়েছিল। পুকুরের গেট ভেঙে দিয়েছিল বলে একজন জলে ডুবে মারা যায়। স্থানীয় ক্লাবপ্রতিবাদনা করে দুষ্কৃতীদের মনত দিচ্ছে। শঙ্কর মঠ একটি হেরিটেজ ধর্মীয় স্থান। সেই জায়গায় সম্মান মর্যাদা ধরে রাখার জন্য এই বিধি নিষেধের দোষ কোথায়।

অশোক নগরে মাটিগাছায় বেআইনি অস্ত্র তৈরির সরঞ্জাম উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : গোপন সূত্রে খবর পেয়ে উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগর এলাকা থেকে একটি বেআইনি অস্ত্র কারখানার জন্য সরঞ্জাম সামনের দিকে এগোলে লাভবান হবেন। সহ মোট ১০ জনকে গ্রেফতার করল। শনিবার গভীর রাতে অশোকনগরের শ্রীকৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের মাটিগাছা এলাকায় এই অভিযান চালায় অশোকনগর থানার পুলিশ।

ঘটনাস্থল থেকে চারটি লেদ ম্যাশিন, দুটি পাইপ গান, বেশ কিছু লোহার টুকরো ও অস্ত্রতৈরির যন্ত্রাংশ, দুটি ড্রিল মেশিন, যেদুটি ১০৭ গাড়িতে করে মালপত্র আনা নেওয়া করা হতো সেই গাড়ি দুটিকেই আটক করে পুলিশ। ঘটনায় গ্রেফতার করা হয়েছে ১০ জনকে। ধৃতেরা হল, বিকাশ সিং (২১), গোপাল ঠাকুর (৪৩), রামসুমার প্রজা পতি (৪২), রমেন দাস (৪৫), মহম্মদ পাপ্পু (২০), প্রদীপ পাণ্ডে (৩১), রামু বিশ্বকর্মা (৩০), অজয় সিং (৩৫), দীপচান্দ বর্মা (৫০) ও চন্দ্রেযাদব (২০)। ধৃতদের বাড়ি কলকাতা ও উত্তরপ্রদেশের বিভিন্ন জায়গায়।

তারা দীর্ঘদিন ধরে বেআইনি অস্ত্রতৈরির কারবারের সঙ্গে জড়িত ছিলো বলে অভিযোগ। অশোকনগর থানা সূত্রে জানা গিয়েছে। শনিবার গভীর রাতে অশোকনগরের মাটিগাছা এলাকার বাসিন্দা মেহেরুল বিবির বাড়িতে মালগুলি নামানো হচ্ছিল। সেই সময় গোপনসূত্রে খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে হাতে নাতে তাদের গ্রেফতার করে।

নিউ ব্যারাকপুর পূর্বাচল সর্বজনীন দুর্গোৎসব কমিটির খুঁটিপুজো

নিজস্ব সংবাদদাতা, নিউ ব্যারাকপুর : 'আমি সেই মেয়ে' থিম ভাবনায় বাংলার কন্যাশ্রী প্রকল্পকে এবার পুজোয় সকলের সামনে তুলে ধরতে চলেছে উত্তর ২৪ পরগনা জেলার নিউ ব্যারাকপুরের পূর্বাচল সর্বজনীন দুর্গাপুজো কমিটি।

রবিবার খুঁটি পুজোর মাধ্যমে শুরু হয়ে গেল অভিনবত্বে ভরা এই পুজো প্যান্ডেলের প্রথম পর্বের কাজ। এদিন অভিনেত্রী তথা তৃণমূল নেত্রী দেবশ্রী রায়ের হাত ধরে খুঁটি পুজোর প্রাক্কালেই এই পুজো প্যান্ডেল থেকে 'আমি সেই মেয়ের' বার্তা ছড়িয়ে পড়ে দিকে দিকে। দেবশ্রী রায় বলে, কন্যাশ্রী প্রকল্প আজ বাংলার গর্ব। বিশ্বের প্রায় সমস্ত দেশ এই কন্যাশ্রী প্রকল্পের প্রশংসার পঞ্চমুখ হয়েছে। সেখানে দাঁড়িয়ে পূর্বাচল ক্লাব এই ধরনে

একটি প্রকল্পটি তাদের থিম ভাবনায় তুলে ধরে সমাজ সচেতনতার বার্তা দেওয়ার প্রয়াস নিয়েছে। এই খুঁটি পুজোতে উপস্থিত ছিলেন নমদমের তৃণমূল সাংসদ সৌগত রায়, নিউব্যারাকপুরের পুরপ্রধান তৃপ্তি মজুমদার, নিউ ব্যারাকপুর টাউন তৃণমূলের সভাপতি সুখেন মজুমদার প্রমুখ। মেয়েদের আর অল্প বয়েসে বিয়ে নয়। লেখাপড়া শিখে নিজের পায়ে দাঁড়ানোর যে দিশা কন্যাশ্রী আজ দেখিয়েছে সেই দিশাকে সমাজের সর্বস্তরে ছড়িয়ে দিতে এবং আরও বেশি করে প্রচারের আলোয় নিয়ে আসতেই এমন অভিনব প্রয়াস। এই পুজো কমিটির অন্যতম উদ্যোক্তা প্রবীর সাহা জানান। ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে এবার এই পুজোয় থাকছে ব্যাতিক্রমী একটি থিম সঙও। এখানে দেবী প্রতিমা নারী শক্তির মূর্তমান প্রতিক হিসাবে উঠে আসবে। যেখানে একদিকে দেবী অসুর নিধন করবেন, তেমনি অন্যদিকে মৃতপ্রায় অসুরকে জলদান করে বাঁচিয়ে তোলার রূপও ফুটে উঠবে মণ্ডপে। মূলত শোলা, প্যারিস, সানমাইকা, কাঠ প্লাইউড দিয়ে তৈরি হবে অভিনব এই প্যাণ্ডেল। পান্ডেলে নানা স্থানে তুলে ধরা হবে বিশ্বের কাছে বাংলার গর্ব কন্যাশ্রীর প্রশংসার নানা দিকগুলিও। সেইসঙ্গে শুভ্ত শক্তিকে বিনাশ করে নারী শক্তির উত্থানের নানা ঘটনাও তুলে ধরা হবে মণ্ডপ জুড়ে।

গোপালনগরে যুবকের ক্ষত বিক্ষত দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, গোপালনগর : উত্তর ২৪ পরগনা জেলার গোপালনগর থানা এলাকায় বছর পঁয়তাল্লিশের এক যুবকের ক্ষত বিক্ষত দেহ উদ্ধার হলো। রবিবার সকালে গোপালনগর থানার সুন্দর পুর ও সাতবেড়িয়া রেল লাইনের মাঝামাঝি এলাকায় একটি পাট খেতের ভিতর ক্ষত বিক্ষত রক্তাক্ত অবস্থায় ওই যুবকের দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। এরপরই খবর দেওয়া হয় গোপালনগর থানায়। পরে পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে। মৃতের শরীরে একাধিক জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে।

পুলিশের প্রাথমিক অনুমান, এই যুবককে বাইরে থেকে খুন করে এনে সম্ভবত ফেলে দেওয়া হয়েছে। পুলিশ যুবকের পরিচয় জানার চেষ্টা করছে। গোপালনগর থানার সুন্দর পুর ও সাতবেড়িয়া রেল লাইনের মাঝামাঝি এলাকায় একটি পাট খেতের ভিতর ক্ষত বিক্ষত রক্তাক্ত অবস্থায় ওই যুবকের দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। এরপরই খবর দেওয়া হয় গোপালনগর থানায়। পরে পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে। মৃতের শরীরে একাধিক জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। পুলিশের প্রাথমিক অনুমান, এই যুবককে বাইরে থেকে খুন করে এনে ফেলে দেওয়া হয়েছে। পুলিশ যুবকের পরিচয় জানার চেষ্টা করছে।

মিনাখাঁয় গৃহবধূকে ধর্ষণের অভিযোগে যুবক গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, মিনা খাঁ : এক গৃহবধূকে ধর্ষণের অভিযোগে উত্তর ২৪ পরগনার বসিরহাটের মিনাখাঁ থানা এলাকা থেকে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম আজিবর রহমান মোল্লা। পুলিশ সূত্রে জানা যায়, চলতি বছরের গত মার্চ মাসে মিনাখাঁ থানার মৌলি থ্যামের বাসিন্দা এক গৃহবধূকে কাজের লোভ দেখিয়ে সন্দেশখালি এলাকার একটি গেস্টহাউসে নিয়ে যায় প্রতিবেশী যুবক আজিবর। অভিযোগ, ওই গেস্ট হাউসের ঘরেই আজিবর তাকে ধর্ষণ করে।

এরপর ওই ঘটনা কাউকে জানালে ওই গৃহবধূকে খুন করে ফেলার হুমকিও দেয় সে। এতদিন ধরে ভয়ে ওই গৃহবধূ বিষয়টি চেপে রাখলেও গত শনিবার মিনাখাঁ থানার ওই যুবকের বিরুদ্ধে অভিযোগ করেন গৃহবধূ। সেই অভিযোগের ভিত্তিতেই শনিবার রাতে পুলিশ আজিবর রহমান মোল্লাকে গ্রেফতার করে।